

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
থানা সেন্টার প্লানিং-১  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১৫৮

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭

০৭ জুন ২০২০

বিষয়: পিজিসিবি “বন্দর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র” নির্মাণের জন্য নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন কুশিয়ারা ও সাতেশা মৌজায় ১.০১৬২ একর (এক একর এক শতাংশ বাষট্টি অয়ুতাংশ) ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১. অত্র দপ্তরের স্মারক নং: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১২৩; তারিখ: ২১ মার্চ ২০২০  
২. পিজিসিবি হতে প্রেরিত পত্রের স্মারক নং: ২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৩৩.২০.৩২৭; তারিখ: ১০/০৩/২০২০ ইং  
৩. পিজিসিবি হতে প্রেরিত পত্রের স্মারক নং: ২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৩৩.২০.৩০১; তারিখ: ০১/০৩/২০২০ ইং  
৪. অত্র দপ্তরের স্মারক নং: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.৩০৮; তারিখ: ১৩ নভেম্বর ২০১৮  
৫. অত্র দপ্তরের স্মারক নং: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.২৫৫; তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০১৮  
৬. পিজিসিবি হতে প্রেরিত পত্রের স্মারক নং: ২৭.২১.২৬০৪.৪২৭.২২.০১.১৮.৮৯৯; তারিখ: ০৫/০৭/২০১৮ ইং  
৭. অত্র দপ্তরের স্মারক নং: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.৫৬; তারিখ: ০৫ মার্চ ২০১৮  
৮. পিজিসিবি হতে প্রেরিত পত্রের স্মারক নং: পিজিসিবি/পিডি (প্রঃপ্রকৌঃ)/জিটুজি/২০১৮/৪৮১; তারিখ: ২৪/০১/২০১৮ ইং

যথাবিহীত সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, পাওয়ার গ্রীড নেটওয়ার্ক স্ট্রেন্গেনিং প্রজেক্ট, পিজিসিবি কর্তৃক পিজিসিবি “বন্দর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র” নির্মাণের জন্য নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন কুশিয়ারা ও সাতেশা মৌজায় ১.০১৬২ (এক দশমিক শূন্য এক ছয় দুই) ভূমি অধিগ্রহণের আবেদন করা হয়।

রাজউক হতে প্রনীত ড্যাপ এর তথ্য অনুসারে প্রস্তাবিত জমিটি Agriculture Zone এর Restricted Landuse এর অন্তর্গত। সাইট পরিদর্শন রিপোর্ট মোতাবেক প্রস্তাবিত জায়গাটি চট্টগ্রাম টু মদনপুর যাওয়ার রাস্তা থেকে অখ্যাৎ নবীগঞ্জ চৌরাস্তা থেকে পূর্ব দিকে নবীগঞ্জ টু কাইয়ারটেক রোডের দক্ষিণ পার্শ্বে অবস্থিত। প্রস্তাবিত জমিতে বর্তমানে কোন স্হাপনা নাই, রেকর্ড অনুযায়ী জমির শ্রেণী নিচু ও আবাদী জমি। প্রস্তাবিত জমির উত্তর পার্শ্বে ২০ ফুট চওড়া পাকা রাস্তা ও রাস্তার দুই পাশে বৈদ্যুতিক লাইন রয়েছে। প্রস্তাবিত জমির দক্ষিণ পার্শ্বে নিচু আবাদী জমি ও আবাসিক বসতবাড়ী রয়েছে। প্রস্তাবিত জমির পশ্চিম পার্শ্বে খাল, খালের উপর ব্রীজ ও প্রায় ১২ ফুট চওড়া পাকা রাস্তা, রাস্তা সংলগ্ন সেমিপাকা টিনসেট ঘর, মুদি দোকান, আবাসিক বসত বাড়ি রয়েছে। প্রস্তাবিত জমির পূর্ব পার্শ্বে নিচু আবাদী জমি, প্রায় ১০ ফুট চওড়া কাঁচা রাস্তা, রাস্তার পাশে সেমিপাকা টিন সেট, আবাসিক বসত বাড়ী রয়েছে। প্রস্তাবিত জমিতে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের প্রশাসনিক অনুমোদনের

প্রেক্ষিতে অধিগ্রহণের নিমিত্তে সরকারি প্রয়োজনে ও জনস্বার্থে রাজউকের কোন আপত্তি নাই মর্মে রাজউকের অনাপত্তিপত্রে উল্লেখ রয়েছে (রাজউকের অনাপত্তিপত্র সংযুক্ত)। উল্লেখ্য যে, Town Improvement Act, 1953 এর 75(1) ধারা অনুযায়ী “Permission for use of land Contrary to the Master Plan” এর ক্ষেত্রে রাজউকের চেয়ারম্যানকে ক্ষমতা দেওয়া আছে।

২। প্রস্তাবিত জমির তফসিল


জেলাঃ নারায়নগঞ্জ, উপজেলাঃ বন্দর, মৌজাঃ কুশিয়ারা ও সাতেশা

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নং	আর.এস. দাগ নং	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১	কুশিয়ারা	৪১	২৮৮	০.০৮
২	কুশিয়ারা	৪১	২৯০	০.০৯
৩	কুশিয়ারা	৪১	২৯১	০.০৮
৪	কুশিয়ারা	৪১	২৯২	০.১০৬২
৫	সাতেশা	৩৯	৪১১	০.৬২
৬	সাতেশা	৩৯	৪১২	০.০৪
মোট জমির পরিমাণ				১.০১৬২

৩। এমতাবস্থায়, জনস্বার্থে পিজিসিবি “বন্দর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র” নির্মাণের জন্য নারায়নগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন কুশিয়ারা ও সাতেশা মৌজায় ১.০১৬২ একর (এক দশমিক শূন্য এক ছয় দুই) ভূমি অধিগ্রহণের ছাড়পত্র (NOC) নির্দেশক্রমে প্রদান করা হলো।

সংযুক্তি

- ১। প্রকল্পের স্থানচিহ্নিতপূর্বক মৌজা ম্যাপ
- ২। ড্যাপ, রাজউক রিপোর্ট
- ৩। ভ্রমন প্রতিবেদন
- ৪। রিজিওনাল ম্যাপ



৭-৬-২০২০

শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান  
সিনিয়র প্ল্যানার

প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, পাওয়ার গ্রীড  
নেটওয়ার্ক স্ট্রেন্গেনিং প্রজেক্ট, পিজিসিবি


স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১৫৮/১(৬)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭  
০৭ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৫) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর

৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৭-৬-২০২০

ফৌজিয়া শারমিন তিথি  
প্ল্যানার